



আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

বাংলাদেশ প্রতিদিন, ১১-১২-২০২৩, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন

অনলাইন ডেক্স



ডক্টর এস আর লক্ষ্মণ লাইব্রেরি, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে তিন দিন ব্যাপী ‘ওয়েবমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্টমেট্রিক্স’ এর ওপর ১৭তম আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছিল।

‘কোলনেট সোসাইটি ফর লাইব্রেরি প্রফেশনালস’ এবং স্পেশাল লাইব্রেরি অ্যাসোসিয়েশন, এশিয়া কমিউনিটি’ এর সহযোগিতায় সম্মেলনটি আয়োজন করা হয়। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান EWU বিশ্ববিদ্যালয়ের ‘মঞ্জুর এলাহী’ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন, এবং সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা, সৈয়দ মঞ্জুর এলাহী।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডক্টর বান্ড মার্কশেফেল, সিনিয়র গবেষক, তথ্য ও জ্ঞান ব্যবস্থাপনা বিভাগ, টেকনিশে ইউনিভার্সিটি, জার্মানি। সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চীনের ডালিয়ান ইউনিভার্সিটি অফ টেকনোলজি, এবং ফ্রান্সের স্ট্রাসবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জিন-চার্লস ল্যামিরেল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন এবং গ্রন্থাগারিক(ইন-চার্জ) ড. দিলারা বেগম।

এবারের সম্মেলনে বিভিন্ন দেশের প্রায় ২৫০ জন গবেষক, গ্রন্থাগারিক, শিক্ষাবিদ এবং অন্যান্য পেশাজীবী অংশগ্রহণ করেন। সম্মেলনে মোট ৮৫টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়।